



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

www.chittagongdiv.gov.bd

নম্বর ০৫.৪২.২০০০.০১৪.১৪.০০৯.২৩.৫২৩

তারিখ: ১২ পৌষ ১৪৩০

২৭ ডিসেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা আগামী ৭ জানুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠাতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চট্টগ্রাম মহানগরের আওতাধীন ৬টি সংসদীয় আসন ২৮১ চট্টগ্রাম-৪, ২৮২ চট্টগ্রাম-৫, ২৮৫ চট্টগ্রাম-৮, ২৮৬ চট্টগ্রাম-৯, ২৮৭ চট্টগ্রাম-১০ এবং ২৮৮ চট্টগ্রাম-১১ এর সুষ্ঠুভাবে ভোট গ্রহণের নিমিত্ত নির্বাচনি এলাকার সকল ভোটার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৭৮ অনুচ্ছেদ অনুসারে ভোট গ্রহণ শুরুর পূর্ববর্তী ৪৮ (আটচল্লিশ) ঘন্টা অর্থাৎ ৫ জানুয়ারি ২০২৪ তারিখ (শুক্রবার) সকাল ৮.০০ ঘটিকা হতে ভোটগ্রহণ সমাপ্তির পরবর্তী ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পর্যন্ত অর্থাৎ ৯ জানুয়ারি ২০২৪ তারিখ (মঙ্গলবার) বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন ব্যক্তি কোন জনসভা আহ্বান, অনুষ্ঠান বা উহাতে যোগদান করতে এবং কোনো ব্যক্তি কোন মিছিল বা শোভাযাত্রা সংঘটিত করতে বা ইহাতে যোগদান করতে পারবেন না। অনুচ্ছেদ ৭৮(১) এ উল্লিখিত সময়ের মধ্যে কোন ব্যক্তি-

(ক) কোন আক্রমণাত্মক কার্য বা বিশৃঙ্খলামূলক আচরণ করতে পারবেন না;

(খ) ভোটার বা নির্বাচনি কার্যে নিয়োজিত বা দায়িত্ব পালনরত ব্যক্তিগণকে হুমকি বা ভীতি প্রদর্শন করতে পারবেন না;

(গ) কোন অস্ত্র বা শক্তি প্রদর্শন বা ব্যবহার করতে পারবেন না।

কোন ব্যক্তি উক্ত বিধানবলি লঙ্ঘন করলে, তিনি অনধিক ৭(সাত) বৎসর বা অন্যান্য ২(দুই) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হবেন।

২৭-১২-২০২৩

মোঃ তোফায়েল ইসলাম

বিভাগীয় কমিশনার ও রিটার্নিং অফিসার

ফোন: ০২-৪১৩৬০৮০১

ফ্যাক্স: ০২-৪১৩৬০৮০২

ইমেইল:

divcomchittagong@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২) পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম
- ৩) উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন/রাজস্ব/সার্বিক), চট্টগ্রাম
- ৫) জেলাপ্রশাসক, চট্টগ্রাম
- ৬) পুলিশ সুপার, চট্টগ্রাম
- ৭) উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ৮) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, চট্টগ্রাম সেনানিবাস ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ৯) উপ-প্রধান তথ্য অফিসার, প্রেস ইনফরমেশন বিভাগ, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১০) সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড/বোয়ালখালী/হাটহাজারী, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১২) থানা নির্বাচন অফিসার, পাহাড়তলী/পাঁচলাইশ/ডবলমুরিৎ/কোতোয়ালী/বন্দর/চান্দগাঁও, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১৩) থানা নির্বাচন অফিসার সীতাকুন্ড/বোয়ালখালী/হাটহাজারী, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)